

## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট International Mother Language Institute

Shahid Captain Mansur Ali Sharoni, 1/ka, Segunbagicha, Dhaka-1000, Bangladesh

Phone + 88-02-839 13 46, +8391239; +880 155 8172705 e-mail : imli.moebd@gmail.com website : www.imli.gov.bd

### সংবাদ বিজ্ঞপ্তি

যথাযথ মর্যাদায় ‘শেখ রাসেল দিবস ২০২১’ উদ্বাপন উপলক্ষ্যে ১৮ অক্টোবর ২০২১ তারিখ সকাল ০৯:৩০টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) প্রাঙ্গণে শহিদ শেখ রাসেল-এর প্রতিকৃতিতে আমাই-এর মহাপরিচালক ও সকল কর্মকর্তা-কর্মচারী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করা হয়। অতঃপর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর ৪র্থ তলার আন্তর্জাতিক সম্মেলন কক্ষে দোয়া মাহফিল ও শহিদ শেখ রাসেল স্মরণে আলোচনা সভার আয়োজন করা হয়। মহাপরিচালক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ দোয়া মাহফিল ও আলোচনা সভায় সকল কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্টের সকল শহিদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে মহাপরিচালক বলেন যে, ১৫ আগস্টের হত্যাকাণ্ড মানব ইতিহাসের বিরল ও নৃশংসতম ঘটনা — এমনকি ঘাতকের নিষ্ঠুর হাত থেকে নিষ্পাপ শিশু রাসেলও রক্ষা পায়নি। অতঃপর ১৫ আগস্টের সকল শহিদসহ শেখ রাসেল-এর আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।



শেখ রাসেল-এর প্রতিকৃতিতে আমাই-এর কর্মকর্তা-কর্মচারীদের পুষ্পস্তবক অর্পণ

স্বাক্ষরিত/-

১৮/১০/২০২১

(মোঃ মিজানুর রহমান)

উপপরিচালক (প্রচার, তথ্য ও যোগাযোগ)

ফোন : 01711460580

ই মেইল: [mizanurr16bcs@gmail.com](mailto:mizanurr16bcs@gmail.com)